গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

**চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | : | Sustainable Forests and Livelihoods (SUFAL) Project (টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প। | | |
| ২. | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | | |
| ৩. | বাস্তবায়নকারী সংস্থা | : | বন অধিদপ্তর | | |
| ৪. | প্রকল্পের অবস্থান | : | দেশের ৮ টি বিভাগের (১৭ টি বন বিভাগ ) ২৮ জেলা । | | |
| ০৫। | **প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)** | : | **মোট টাকা** | **জিওবি** | **প্রকল্প সাহায্য** |
| (ক) | **মূল অনুমোদিতঃ** | t | ১,৫০,২৭২.১৭ | ৩২৭২.১৭ | ১,৪৭,০০০.০০ |
| (খ) | **সংশোধিত অনুমোদিত** | t | – | - | – |
| ০৬। | **প্রকল্পের বাস্তবায়ন কাল** | t | | | |
| (ক) | **মূল অনুমোদিতঃ** | t | ০১ জুলাই, ২০১৮ হতে ৩০ জুন, ২০২৩ | | |
| (খ) | **সংশোধিত অনুমোদিত** | t | | – | |

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) মূল উদ্দেশ্যঃ
প্রকল্পের মূল উদ্দেশ্য হল সহযোগীতামূলক বন ব্যবস্থাপনার উন্নয়ন এবং প্রকল্প এলাকায় বন নির্ভর জনগোষ্ঠির বিকল্প আয় বর্ধক কাজের সুযোগ বৃদ্ধি। এতে-

(ক) সরকারি বনজ সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন এবং বন সংরক্ষণ ও পুনরুদ্ধারে স্থানীয় জনগণের অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং

(খ) বনের উপর সরাসরি নির্ভরশীলতা হ্রাসসহ বনজ সম্পদ উজাড় রোধ ও বন নির্ভর জনগোষ্ঠির বিকল্প জীবিকা সুবিধা প্রদান করা সম্ভবপর হবে। ফলে বনের বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি পাবে, বনের বাহিরে বৃক্ষাচ্ছাদন বৃদ্ধির উপযুক্ত পরিবেশ সৃষ্টি হবে, উপকূলীয় তটরেখা সুরক্ষা পাবে এবং অতিদরিদ্র- বিপদাপন্ন নারী ও ক্ষুদ্র নৃগোষ্ঠি সহ সাধারণ জনগোষ্ঠির কর্মসংস্থান বৃদ্ধি পাবে।

খ) সুনির্দ্দিষ্ট উদ্দেশ্যঃ
- প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ, তথ্য ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ প্রদান;
- সহযোগীতামূলক বন ব্যবস্থাপনা শক্তিশালীকরণ এবং রক্ষিত এলাকার উন্নয়ন;
- প্রকল্প এলাকার বন নির্ভর জনগোষ্ঠির বিকল্প আয় বর্ধক কাজের সুযোগ বৃদ্ধি, বন সম্প্রসারণ এবং বনের বাহিরে বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি এবং

- প্রকল্প ব্যবস্থাপনা, পরীবিক্ষণ এবং রিপোর্টিং।

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গাসমূহঃ

প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম সমূহ প্রকল্পের চারটি কম্পোনেন্ট এর আওতায় শ্রেণীবদ্ধ করা হয়েছে যা নিম্নরুপঃ

কম্পোনেন্ট-১ প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ, তথ্য ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ

- প্রশাসনিক অপারেশনাল পদ্ধতির রিভিউ প্রতিবেদন বন অধিদপ্তরের অবকাঠামো পূর্নগঠন প্রস্তাব এবং বন মেনুয়াল
- বন ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (FMIS) প্রতিষ্ঠা;
- ৫১.০ লক্ষ বনজ/ফলজ চারা,৭.৫০ লক্ষ উন্নত পদ্ধতিতে উত্তোলিত চারা (টিস্যু কালচার) এবং ৫.০ লক্ষ চারা মডেল হিসাবে ৫টি উপজেলায় বিতরণ ও রোপনের লক্ষ্য মাত্রা অর্জন;
- ২,০০০ নার্সারী মালিকদের উন্নত পদ্ধতিতে চারা উত্তলনের প্রশিক্ষণ প্রদান;
- ১,১৫৯ জন বন কর্মকর্তার এবং কর্মচারীরেদরকে কোলাবরেটিভ (সহযোগীতামূলক) বন ব্যবস্থাপনা ও রক্ষিত এলাকা (PA) ব্যবস্থাপনা পদ্ধতি সর্ম্পকে উন্নত মানের প্রশিক্ষণ প্রদান;
- ২টি আর্ন্তজাতিক কনভেনশন/ কর্মশালা বাংলাদেশে আয়োজনের সংস্থান রাখা হয়েছে;
- সচেতনতা বৃদ্ধি এবং মোটিভেশনের জন্য ব্যাপক আউটরিচ এবং বিভিন্ন দিবস পালনের কর্মসূচী রাখা হয়েছে।

কম্পোনেন্ট-২ কোলাবরেটিভ বন ব্যবস্থাপনা শক্তিশালী করণ এবং রক্ষিত এলাকার উন্নয়ন

- ৫২,৭২০ হেক্টর অবক্ষয়ীত এবং বৃক্ষ শূন্য পাহাড়ী ও সমতল বনভূমির (চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট, টাঙ্গাইল, ময়মনসিংহ এলাকার বিভিন্ন পদ্ধতিতে বনাচ্ছাদন করা;
- ২৪,৮৮০ হেঃ নতুন জেগে ওঠা চরে ম্যানগ্রোভ বাগান সৃজন;
- বন্যপ্রাণীর আবাস এবং খাদ্যের জন্য ২০ টি রক্ষিত এরাকার ২,৫০০ হেঃ বন্যপ্রাণীর আবাস এবং ১,৩৩০ হেঃ বন্যপ্রাণী চলাচলের পথে খাদ্যের যোগান বৃদ্ধির জন্য উপযোগী পশুখাদ্যের বৃক্ষরোপণ;
- শেখ কামাল বন্যপ্রাণী কেন্দ্র, গাজিপুর'কে কার্যকর করার লক্ষে ৮৭ জন কর্মকর্তা/ কর্মচারীকে বন্যপ্রানী বিষয়ক বিভিন্ন প্রকার প্রশিক্ষনের কর্মসূচি গ্রহন;
- প্রতিটি বন বাগান সৃজন লক্ষ্যমাত্রার কেন্দ্র/এলাকা/স্থান ভিত্তিক পরিকল্পনা প্রনায়ন;
- ৫টি বনবিভাগের জন্য কোলাবরেটিভ বন ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়ন - চট্টগ্রাম উত্তর ও দক্ষিণ, কক্সবাজার উত্তর ও দক্ষিণ, এবং সিলেট বন বিভাগ।
- ৬টি রক্ষিত বনের রক্ষিত বনব্যস্থাপনা প্রণয়ন বন্যপ্রাণী এবং রক্ষিত বন-ব্যবস্থাপনা সম্প্রসারণ;
- কোলাবরেটিভ বন ব্যবস্থাপনা আইনের খসড়া প্রণয়ন;
- নির্দিষ্ট কিছু রক্ষিত বনে ((PA) প্রতিবেশ সেবার মূল্য নির্ধারণ;
- ৮টি প্রজাতির বন্যপ্যাণী, যাদের টিকে থাকা ঝুকির সম্মুখীন, তাদের সংরক্ষণের কর্মসূচি গ্রহন;
- ৩২ টি সংরক্ষিত এলাকার বন্যপ্রানী এবং সংরক্ষিত এলাকা ব্যবস্থাপনা কর্মকান্ড বৃদ্ধি করা;
- ঝুকিপূর্ণঅর্থাৎ যে সকল গাছপালা হারিয়ে যাচ্ছে তাদের তালিকা প্রণয়ন (Red listing of Plants) অব্যাহত রাখা;
- নির্দিষ্ট কিছু রক্ষিত এলাকায় স্মাট প্যাট্রলিং এর কার্যক্রম গ্রহন।
- ৫টি রক্ষিত এলাকায় ইনভেসিভ এলিয়েন প্রজাতির নিয়ন্ত্রণ পরিকল্পনা প্রনয়ন;
- পাখি সুমারী এবং শিকারী পাখি (যেমন শকুন, চিল) সংরক্ষণ কার্যক্রম বৃদ্ধি করা;
- সাইটিস এর সংযুক্তি -২ (CITES Appendix-ii) এ উল্লেখিত গুরুত্বপূর্ন প্রজাতি সংরক্ষণের কৌশল প্রণয়ন;

- হাতি সংরক্ষন কার্যকরি পরিকল্পনা অনুসারে হাতির বিচরণ বসতি এবং চলাচলের সময় জনগনের সাথে সংঘাতের মাত্রা কমিয়ে আনার কার্যক্রম গ্রহন;
- ৯৩ টি (২৪,১২৬ বর্গমিটার) দপ্তর/ আবাসিক ভবন নির্মাণ করা হবে এবং সম্প্রসারণ এবং মহাখালীর পুরাতন ভবনটির সংস্কার করা;

কম্পোনেন্ট-৩ প্রকল্প এলাকার বন নির্ভর জনগোষ্ঠির বিকল্প আয় বর্ধক কাজের সুযোগ বৃদ্ধি, বন সম্প্রসারণ এবং বনের বাহিরে বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি

- কোলাবরেটিভ (সহযোগীতামূলক) বন ব্যবস্থাপনা টেকসই করার লক্ষ্যে বন ও রক্ষিত এলাকা সংলগ্ন ৬০০টি গ্রামের ৪০,০০০ বন নির্ভর পরিবারের উন্নয়নের জন্য ২০.০ মিলিয়ন ডলার সংস্থান করা হয়েছে;
- ৬০০ গ্রামে কোলাবরেটিভ বন ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে, এবং সরকারীভাবে নিবন্ধন হবে। কমিটিতে কাজের শ্রেণীভিত্তিক অনুযায়ী সাব কমিটি গঠন করা হবে; যেমন ক্রয় কমিটি, হিসাব রক্ষণ কমিটি, অডিট কমিটি মনিটরিং, এ সকল কমিটি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কার্যকর করা হবে;
- ৬০০ কমিটির জন্য ব্যাংক একাউন্ট খোলা হবে যা কমিটি পরিকল্পনা করবে। একাউন্ট এ বরাদ্ধ দেওয়া হবে যা কমিটি প্রয়োজন অনুসারে বিভিন্ন খাতে উত্তোলন ও ব্যয় করবে;
- ৫টি রক্ষিত এলাকায় কমিউনিটি ম্যানেজম্যান্ট কমিটি গঠন করা হবে, এবং তাদের বিকল্প জীবিকায়ন সহায়তা প্রদান করা হবে;
- ১০,৮০০ জন কোলাবরেটিভ বন ব্যবস্থাপনা সদস্যকে ’কমিউনিটি অপারেশন ম্যানুয়াল’ এর উপর প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করা হবে;
- সুফল প্রকল্প বাস্তবায়নের ফলে অর্থাৎ সুফল প্রকল্পের সৃজিত এবং প্রতিষ্ঠিত বনায়নের ফলে ৩৩.০ মিলিয়ন টন কার্বন গ্রহনের ক্ষমতা সৃষ্টি হবে যা বাংলাদেশ এবং বিশ্বব্যাংকের জন্য একটি মাইল ফলক হবে।
- টিস্যু কালচার চারা উৎপাদনের জন্য ৩টি SFNTC (চট্টগ্রাম, গাজিপুর এবং যশোর) এ গ্রীন হাউজ স্থাপন;
- ৩,৪৬০ কিঃমি স্ট্রিপ বাগান সৃজন;
- পরিবেশগত এবং সামাজিক নিরাপত্তা বিষয়ক দিকগুলির কার্যক্রম সকল বনাঞ্চলেই গ্রহন করা হবে (পাহাড়ী, সমতল এবং উপকূলীয়);

কম্পোনেন্ট-৪ প্রকল্প ব্যবস্থাপনা, পরীবিক্ষণ এবং রিপোর্টিং

- স্যাটেলাইট-ভিত্তিক তথ্য ব্যবহার করে বনায়ন পরিবীক্ষণ করা;
- কম্পিউটার-ভিত্তিক হিসাব-ব্যবস্থাপনা পদ্ধতি তৈরী করা;
- ৪০,০০০ সিএফএম সদস্যের অনলাইন ডাটাবেজ করা;
- বন অধিদপ্তরের রিপোর্টিং সক্ষমতা বৃদ্ধি; এবং
- প্রকল্পের ফলাফলসমূহকে তৃতীয়-পক্ষের মাধ্যমে পরিবীক্ষণ।

**৯. পরামর্শক প্রতিষ্ঠানের TOR:**

১. প্রকল্প এলাকা যেহেতু ৮বিভাগে বাস্তবায়িত হচ্ছে। তাই প্রত্যেক বিভাগ কে প্রকল্প এলাকা নিবিড় পরিবীক্ষণের আওতাভুক্ত হিসেবে বিবেচনা করতে হবে;

২. প্রকল্পের পটভূমি, অনুমোদন, উদ্দেশ্য ও সংশোধনের অবস্থা, অনুমোদন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ও অর্থায়নসহ সকল প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৩. প্রকল্পের সার্বিক ও বিস্তারিত অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ ,সন্নিবেশন, বিশ্লেষণ

সারণি এবং লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ এবং প্রকল্প ফলপ্রসু করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান করা;

৫. প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬. প্রকল্পের আওতায় সংগৃহীত /সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭. প্রকল্পের আওতায় সংগৃহীত /সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮. প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিক বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনার অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯. প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০. উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই ( sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

১২. প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT Analysis;

১৩. প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণর আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

১৪. প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত , অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৫. পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ থেকে চার মাসের(দিন ১২০) মধ্যে সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চুড়ান্ত করবে;

১৬. প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা ও কর্মপদ্ধতি (সময়ভিত্তিক) কারিগরি প্রস্তাবের সাথে সংযোজন করতে হবে।

১৭. ইন্টারনাল ও এক্সটারনাল অডিট আপত্তি আছে কিনা, থাকলে কয়টি, বিবরণ কী এবং জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি বিশ্লেষণ ও পর্যালোচনা করতে হবে;

১৮. পরামর্শক প্রতিষ্ঠান আইএমইডি কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী প্রতিপালন করবে;

১৯. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের ক্ষেত্রে ৪০কপি বাংলা এবং ২০ কপি ইংরেজি চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

## ১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা

| **ক্রমিক** | **পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক** | **শিক্ষাগত যোগ্যতা** | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | পরামর্শক প্রতিষ্ঠান | | • গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩(এক) বছরের অভিজ্ঞতা সম্পন্ন। |
| ২. | **(ক)টীম লিডার:**<br><br>**বনায়ন** বিশেষজ্ঞ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বন/উদ্ভিদ/সমধর্মী বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | • বনায়ন, জলবায়ু পরিবর্তন , ভূমি ক্ষয়, প্রকল্প বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধারণা ও কমপক্ষে ১০(দশ) বছরের মনিটরিং বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকা আবশ্যক;<br>• টীম লিডার হিসেবে কাজ করার জন্য কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;<br>• কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং<br>• পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |
| | (খ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি/কৃষিঅর্থনীতি/অর্থনীতি/সমাজ বিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | • আর্থ-সামাজিক বিষয়ে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| | (গ) Wild life বিশেষজ্ঞ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে Wild life বা প্রাণি বিদ্যা বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | • উদ্ভিদ ও প্রাণীকূলের আবাসস্থল এবং প্রজনন সুবিধার উন্নয়নের বিষয়ে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| | (ঘ)অবকাঠামো বিশেষজ্ঞ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইন্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রী | • অবকাঠামো বিষয়ে গবেষণা, কর্মসূচি ব্যবস্থাপনা ও পরামর্শগত সহায়তা বিষয়ে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |

১১. **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:**

| ক্রমিক | প্রতিবেদনের নাম | দাখিলের সময় | |
|---|---|---|---|
| ১. | ইনসেপশন প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | ২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০)=৪০টি |
| ২. | ১ম খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে | ২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০)=৪০টি |
| ৩. | ২য় খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে | ১০০ কপি জাতীয় কর্মশালার জন্য |
| ৪. | চূড়ান্ত প্রতিবেদন(বাংলায় ও ইংরেজীতে) | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে | ৬০ কপি |

১২. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।